

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৯.০১১.০০.০০.০২.২০১৭/১১৩

তারিখ : ০২.৭.১৪২৫ বঙ্গাব্দ
১৭.১০.২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন “জুনিয়র ইন্সট্রাক্টর (টেক/ইলেকট্রনিক্স, টেক/পাওয়ার, টেক/কম্পিউটার)” পদের বাছাই পরীক্ষার (MCQ Type) আসন ব্যবস্থা, সময়সূচি ও নির্দেশাবলি।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ১০ম গ্রেডের “জুনিয়র ইন্সট্রাক্টর [(টেক/ইলেকট্রনিক্স, টেক/পাওয়ার, টেক/কম্পিউটার)” (বিজ্ঞপ্তির ক্রমিক নং-৩৪, ৩৫ ও ৩৯, তারিখ: ২৪.০১.২০১৮)] পদের বাছাই পরীক্ষা (MCQ Type) আগামী ০২.১১.২০১৮ তারিখ, শুক্রবার বিকেল ৩:৩০ টা হতে ৪:৩০ ঘটিকা পর্যন্ত নিম্নবর্ণিত কেন্দ্রসমূহে একযোগে অনুষ্ঠিত হবে:

বাছাই পরীক্ষার আসন ব্যবস্থা:

তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্রের নাম	পদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর	প্রার্থী সংখ্যা
০২.১১.২০১৮ তারিখ রোজ শুক্রবার বিকেল-৩.৩০ টা থেকে ৪.৩০ টা পর্যন্ত	শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।	জুনিয়র ইন্সট্রাক্টর [টেক/ইলেকট্রনিক্স] ০০০০০১ থেকে ৮০০০৯৯ পর্যন্ত	১৪০১
	শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা।	জুনিয়র ইন্সট্রাক্টর [টেক/পাওয়ার] ০০০০০১ থেকে ৮০০০৯৯ পর্যন্ত	১৫৫৫
	ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট, আগারগাঁও, ঢাকা।	জুনিয়র ইন্সট্রাক্টর [টেক/কম্পিউটার] ০০০০০১ থেকে ৮০০০৯৬ পর্যন্ত	১০৮৮

সময়সূচি ও জরুরি নির্দেশাবলি:

সময়সূচি	পরীক্ষার্থীদের করণীয়
২:৩০-৩:০০ টা	পরীক্ষার্থীগণ নির্ধারিত পরীক্ষা হলের কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন।
৩:০০ টা	পরীক্ষার্থীদের উত্তরপত্র দেয়া হবে। পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, জেলা ও রেজিস্ট্রেশন নম্বর কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নির্ধারিত স্থানে স্বাক্ষর করার পর হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন।
৩:৩০ টা	পরীক্ষার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রের ৪টি সাব সেট থাকবে, যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। প্রতিসেট প্রশ্নপত্র ভিন্ন ভিন্ন রঙে মুদ্রিত। প্রার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে অনুরূপ/একই সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চিত হয়ে পরীক্ষার্থী উত্তরদান শুরু করবেন। বিকেল ৩.৩০ টার সময় পরীক্ষা শুরু হওয়ার পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।
৪:৩০ টা	পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। পরীক্ষার্থীগণ প্রশ্নপত্র নিয়ে যাবেন।

২. ক. পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিট সংবলিত। কোনো পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিটের কম সংখ্যার হলে বাম দিকের ঘর/ঘরগুলো ০(শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

খ. প্রবেশপত্রের নীচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

গ. প্রশ্নপত্র বিতরণের পর কোনো পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

ঘ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

